২

দৈনিক সংবাদ

তারিখ ... 07 DEC 1998 ... ...
পৃষ্ঠা ২ কলাম ৭ ......

# শিশু একাডেমি শিশু বিশ্বকোষ প্রকাশ করেছে

বাংলাদেশ শিশু একাডেমি দেশে এই প্রথম শিশুদের জন্য ৫ খণ্ডে শিশু-বিশ্বকোষ প্রণয়ন ও প্রকাশ করেছে। বিশ্বকোষটি বাজারজাতকরণের ব্যাপারে ৬-১২-৯৮ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ডাঃ মোজাম্মেল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন ডঃ নীলিমা ইব্রাহিম, রোকনুজ্জামান খান, ডাঃ আহমদ রফিক, শিল্পী হাশেম খান, সাহিত্যিক সেলিনা হোসেন ও শিশু একাডেমির পরিচালক গোলাম কিবরিয়া। বইটি এখন নিয়মিত ঢাকা বইমেলায় শিশু একাডেমির স্টলে ও শিশু একাডেমির বিক্রয় কেন্দ্রে পাওয়া যাচ্ছে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।